"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৯/৪৬৩ তারিখ : ১৮ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয় ঃ ২০২০ সনের এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় না করা প্রসঙ্গে

সূত্র : ক. মহামান্য হাইকোর্টের সুয়োমোটো রুল নং- ২৫/২০১৮, তারিখ : ০১/০৯/২০১৪ খ্রি:
খ. বিজ্ঞপ্তি নং : ৮৫ /২০১৯ তারিখ : ১০ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখের ফরমপূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২০ সনের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য বোর্ড কর্তৃক ফরম পূরণ ফি (প্রতি শিক্ষার্থী) নিম্ন বর্ণিত হারে নির্ধারণ করা হয়েছে :

পরীক্ষার্থীদের ফরম পূরণের মোট ফি:

বিজ্ঞান বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয় সহ)	ব্যবসায় শিক্ষা বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয় সহ)	মানবিক বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয় সহ)
১। বোর্ড ফি ১৫০৫.০০	১। বোর্ড ফি ১৪১৫.০০	১। বোর্ড ফি ১৪১৫.০০
২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) ৪৬৫.০০	২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) ৪৩৫.০০	২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) ৪৩৫.০০
১৯৭০.০০	১৮৫০.০০	১৮৫০.০০

অতিরিক্ত অর্থ ও বকেয়া আদায় সংক্রান্ত ঃ

(ক) পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর-২০১৯ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোনক্রমেই পরীক্ষার্থীদের ২০২০ সালের বেতন ও সেশনচার্জ নেয়া যাবে না। এছাড়া আংশিক বিষয়ের পরীক্ষার্থীদের নিকট হতে ফরম পূরণের ফি ব্যতীত অতিরিক্ত অন্য কোন অর্থ আদায় করা যাবে না।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এসএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ডের নির্ধারিত ফি ছাড়া অতিরিক্ত কোন অর্থ আদায় করা যাবে না। প্রতিষ্ঠানের প্রাপ্য বকেয়া বেতন ও অন্যান্য ফি নির্বাচনি পরীক্ষার সময় আদায় করে নিতে হবে। কোচিং, মডেল টেষ্ট ইত্যাদির নামে ছাত্র/ছাত্রীদের নিকট থেকে কোন অর্থ আদায় করা যাবে না।

এমতাবস্থায় মহামান্য হাইকোর্টের আদেশ ও শিক্ষাবোর্ডের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় না করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

১৮/১১/১৯
(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

অধ্যক্ষ / প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৯/৪৬৩(০৮) তারিখ : ১৮ নভেম্বর ২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/লক্ষ্মীপুর/ফেনী
৪। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ লক্ষ্মীপুর/ ফেনী
৫। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৮। সংরক্ষণ নথি।

১৮/১১/১৯
(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২